



জাতীয় বিশ্ববিদ্যালয় বাংলাদেশ

(একই তারিখ ও সূত্রের স্থলাভিষিক্ত)

ফোন : ৯২৯১০১৬
ফ্যাক্স : ৯২৯১০৩৭

সূত্রঃ ০১(১৬২)জাতীঃবিঃ/প্রশাঃ/৯২/১/২১৬১

তারিখঃ

০৬ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
১৯ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

অধ্যক্ষ

অধিভুক্ত সকল কলেজ/শিক্ষা প্রতিষ্ঠান

বিষয় : জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে তাঁর “অসমাপ্ত আত্মজীবনী ও কারাগারের রোজনামচা গ্রন্থদ্বয় থেকে যা শিক্ষণীয়” শীর্ষক রচনা প্রতিযোগিতা।

এতদ্বারা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী ‘মুজিববর্ষ’ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে একাধিক কর্মসূচি হাতে নেয়া হয়েছে। এরই অংশ হিসেবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীদের অংশগ্রহণে “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অসমাপ্ত আত্মজীবনী ও কারাগারের রোজনামচা গ্রন্থদ্বয় থেকে যা শিক্ষণীয়” শীর্ষক এক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

উল্লিখিত প্রতিযোগিতায় অংশগ্রহণে উৎসুখ আপনার কলেজ/প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের কাছ থেকে উপর্যুক্ত বিষয়ে রচনা আহ্বান করে তা থেকে যাচাই-বাছাইপূর্বক নির্বাচিত ০৩ (তিন)টি সেরা রচনা নিম্নস্বাক্ষরকারীর বরাবরে mbec2020nu@gmail.com ই-মেইলে একটি ডকুমেন্ট ফাইলে এবং শিক্ষার্থীর প্রমাণপত্র হিসেবে সংশ্লিষ্ট শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের স্ক্যান কপি, পাসপোর্ট সাইজের ০১ কপি ছবি ও পরিচিতিসহ অপর একটি ডকুমেন্ট ফাইলে অধ্যক্ষের অগ্রায়নপত্রসহ আগামী ৩০/০৯/২০২০ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। রচনার শব্দ সংখ্যা সর্বোচ্চ ২৫০০ (দুই হাজার পাঁচশত)-এর মধ্যে সীমাবদ্ধ থাকা আবশ্যিকীয়। একটি বিশেষজ্ঞ কমিটি দ্বারা প্রতিযোগিতায় প্রাপ্ত রচনাসমূহ মূল্যায়ন করা হবে এবং এ বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। উল্লেখ্য, মুজিববর্ষের রচনা প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক একটি অনুষ্ঠানের মাধ্যমে সনদ ও পুরস্কার প্রদান করা হবে। প্রথম পুরস্কার ৫০,০০০/- (পঞ্চাশ হাজার), দ্বিতীয় পুরস্কার ৩০,০০০/- (ত্রিশ হাজার) এবং তৃতীয় পুরস্কার ২০,০০০/- (বিশ হাজার) টাকা।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে

০৬/০৯/২০২০

(মোল্লা মাহফুজ আল-হোসেন)

রেজিস্ট্রার

মোবাইল- ০১৭১১ ৮৮৯৯৬৯

সূত্রঃ ০১(১৬২)জাতীঃবিঃ/প্রশাঃ/৯২/১/২১৬১

তারিখঃ

০৬ ফাল্গুন ১৪২৬ বঙ্গাব্দ
১৯ ফেব্রুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
২. কলেজ পরিদর্শক, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব-সাইটে আপলোডসহ অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহে গুপ ই-মেইলের মাধ্যমে পত্রটি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৫. পরিচালক, জনসংযোগ, তথ্য পরামর্শ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. সহকারী রেজিস্ট্রার, সকল প্রো-ভাইস চ্যান্সেলর-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯. সহকারী রেজিস্ট্রার (কম্পিউটার), রেজিস্ট্রার-এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০. অফিস কপি।



অধ্যক্ষের কার্যালয়
হাটহাজারী সরকারি কলেজ, চট্টগ্রাম।

তারিখ-০৭/০৯/২০২০ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা হাটহাজারী সরকারি কলেজে স্নাতক পাস/সম্মান শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী 'মুজিববর্ষ' যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অসমাপ্ত আত্মজীবনী ও কারাগারের রোজনামাচা গ্রন্থদ্বয় থেকে যা শিক্ষণীয়" শীর্ষক এক রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উল্লেখিত রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণে উৎসুখ শিক্ষার্থীদেরকে বাংলা বিভাগের বিভাগীয় প্রধান জনাব আবু মুসা মো. মামুনের সাথে যোগাযোগ করে রচনা প্রস্তুতি গ্রহণ পূর্বক স্নাতক পাস/সম্মান শ্রেণির রেজি: কার্ডের স্ক্যান কপি ও পাসপোর্ট সাইজের এক কপি ছবিসহ আগামী ২৭/০৯/২০২০ তারিখের মধ্যে কলেজ কার্যালয়ে জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে। রচনার শব্দ সংখ্যা সর্বোচ্চ ২৫০০(দুই হাজার পাঁচশত) এর মধ্যে সীমাবদ্ধ থাকা আবশ্যিকীয়।

উল্লেখ্য যে, মুজিববর্ষের রচনা প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে একটি অনুষ্ঠানের মাধ্যমে সনদ ও পুরস্কার প্রদান করা হবে।

অধ্যক্ষ(ভারপ্রাপ্ত)

হাটহাজারী সরকারি কলেজ
হাটহাজারী, চট্টগ্রাম।

(মুজিব মোহাম্মদ)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

হাটহাজারী সরকারি কলেজ
হাটহাজারী, চট্টগ্রাম।

০৭/০৯/২০২০